অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বিকাশ সংক্রান্ত অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য নতুন সমন্বিত সহায়ক আবাসনের উন্নয়নে সাহায্য করতে গভর্নর হোকলের 15 মিলিয়ন ডলার তহবিল ঘোষণা

বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সাশ্রয়ী, অ্যাক্সেসযোগ্য, নন-সার্টিফাইড হাউজিং অ্যাক্সেস সম্প্রসারণ করতে OPWDD-এর 2022 সমন্বিত সহায়ক আবাসন বরাদ্দ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ যোগ্যতাসম্পন্ন পরিষেবা সরবরাহকারী এবং হাউজিং ডেভেলপারদের জন্য লভ্য একটি সমন্বিত সহায়ক আবাসন সংক্রান্ত আবেদন উন্মোচন করার ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ (Office for People with Developmental Disabilities) কর্তৃক পরিচালিত 2022 তহবিলের সুযোগ, বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সাশ্রয়ী, অ্যাক্সেসযোগ্য, নন-সার্টিফাইড সহায়ক আবাসনের সুযোগ পাওয়ার ক্ষেত্রে অ্যাক্সেস সম্প্রসারণ করতে মূলধন তহবিলে 15 মিলিয়ন ডলার বরাদ্দ দেবে।

"আমরা নিউ ইয়র্ককে আরো সমতাপূর্ণ এবং অন্তর্ভুক্তিমূলক করার জন্য চেষ্টা করার এই সময়ে, আমরা ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে সাশ্রয়ী মূল্যের আবাসন ও সহায়ক পরিষেবার অ্যাক্সেস প্রদান করা গুরুত্বপূর্ণ যা তাদের উন্নতির জন্য প্রয়োজন," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন এমন আবাসন তৈরির জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের সেবাদান করে এবং এই তহবিলের নমনীয়তা আমাদের কার্যকর কৌশল বাস্তবায়ন করতে সাহায্য করবে যা আমাদের স্টেট জুড়ে অভাবীদের সমর্থন করে।"

সমন্বিত সহায়ক আবাসনের (Integrated Supported Housing, ISH) আবেদন প্রক্রিয়াটি নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ (OPWDD), পরিষেবা সরবরাহকারী এবং হাউজিং ডেভেলপারদের নতুন সহায়ক আবাসন প্রকল্পগুলো উন্নয়নের জন্য বিস্তৃত পরিকল্পনা করতে এবং OPWDD থেকে সময়োপযোগী প্রতিশ্রুতি লাভ করতে সক্ষম করবে যা বিভিন্ন তহবিলের আবেদন প্রক্রিয়াজুড়ে আবশ্যক, যেমন যেগুলো NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (NYS Homes and Community Renewal), NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন (NYC Housing Preservation and Development) এবং অনুরূপ সরকারী মূলধন তহবিল প্রদানকারীদের দ্বারা তত্ত্বাবধান করা হয়।

সহায়ক আবাসন হলো "আবাসনের জন্য ভর্তুকি এবং আবাসন সম্পর্কিত সহায়তার একটি সংমিশ্রণ যা ভর্তুকিযুক্ত ইউনিটে বসবাসকারী একজন ব্যক্তির সফলভাবে ভাড়া থাকা নিশ্চিত করার জন্য নকশা করা হয়েছে।"

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ-এর কমিশনার কেরি ই. নাইফেল্ড বলেন, "সার্টিফাইড হাউজিং এর ক্রমবর্ধমান খরচ, সেইসাথে নমনীয় আবাসনের অপশনের বাড়তি চাহিদা, সকল সক্ষমতার স্তরের লোকজনের জন্য আবাসন ও আবাসিক সহায়তার জন্য নতুন ও টেকসই পদ্ধতিকে অপরিহার্য করে তোলে। আমরা যাদেরকে সেবা প্রদান করি তাদের জন্য আবাসিক সহায়তার অপশনের মেনু সম্প্রসারণ করা আমাদেরকে অবশ্যই অব্যাহত রাখতে হবে এবং আমি বিশ্বাস করি যে এই সুযোগগুলো আমাদের লোকজনকে আরো বেশি স্বাধীনতা এবং তাদের প্রয়োজনীয় সমর্থন প্রদান করতে সাহায্য করবে।"

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "সক্ষমতা বা আয় নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসী তার নিজস্ব নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী মূল্যের বাড়িতে বাস করার সুযোগ পাওয়ার যোগ্য। সমন্বিত সহায়ক আবাসনের জন্য আবেদন আমাদের সর্বজনীন অর্থায়নে সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণে বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অ্যাপার্টমেন্টের অন্তর্ভুক্তিকে উন্নীত করতে সাহায্য করবে। এই 15 মিলিয়ন ডলার অর্থায়নের সুযোগ দেওয়ার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করি এবং আমরা স্টেট ব্যাপী অত্যন্ত প্রয়োজনীয় সহায়ক আবাসনের সুযোগ প্রদানের জন্য OPWDD এর সাথে আমাদের অংশীদারিত্ব চালিয়ে যেতে আগ্রহী।"

নিউ ইয়র্ক স্টেটের সকল অঞ্চলে আবেদনকারীদের জন্য তহবিল পাওয়া যাবে। OPWDD অতিরিক্ত রিসোর্স বরাদ্দ করতে পারে যেখানে আবেদনকারীরা বিভিন্ন জাতি, গোষ্ঠী, সংস্কৃতি, ভাষা, লিঙ্গ, যৌন পরিচয়ের পটভূমির ব্যক্তিদের চাহিদা পূরণের জন্য কার্যকর কৌশল প্রদর্শন করে।

বরাদ্দের মধ্যে রয়েছে ক্যাপিটাল ডলার, এবং/অথবা ভাড়ার জন্য ভর্তুকি এবং সহায়ক আবাসন প্রকল্প তৈরি করা যা বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অগ্রাধিকারমূলক ভাড়ায় প্রদত্ত ইউনিটের ("সেট-অ্যাসাইড ইউনিট") জন্য অনুরোধ অন্তর্ভুক্ত করে।

স্টেট সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন ধরনের আবাসনের প্রয়োজনীয়তা ও পছন্দ রয়েছে এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য 15 মিলিয়ন ডলারের সমন্বিত সহায়ক আবাসনের আবেদনের মতো বিনিয়োগের মাধ্যমে এই সমস্যা সমাধান করার জন্য সক্রিয় পদক্ষেপ নেওয়া অত্যাবশ্যক। আমি সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং স্টেট জুড়ে সরবরাহকারীদেরকে এসব ডলারের জন্য আবেদন করতে উৎসাহিত করি যাতে আমরা আমাদের পরিবার, বন্ধু-বান্ধব এবং প্রতিবন্ধী প্রতিবেশীদের আরো ভালোভাবে সেবাদানের জন্য নতুন আবাসনের অপশন চালু করতে পারি। প্রতিবন্ধী কমিউনিটিকে প্রভাবিত করে এমন অনেক গভীরতর বিষয়ে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্ব এবং অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞতা জানাই।"

অ্যাসেম্বলি মেম্বার টম আবিনাতি বলেন, "OPWDD এর উদ্যোগটি আরো একটি স্বাগত ইঙ্গিত যে নতুন গভর্নর বুঝতে পেরেছেন প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদা আরো ভালভাবে পূরণের জন্য OPWDD-কে অবশ্যই দিক পরিবর্তন করতে হবে। এটি একটি বাস্তবসম্মত স্বীকৃতি যে অতীতের সীমিত আবাসনের অপশনগুলো যথেষ্ট নয় এবং এটি সংকেত দেয় যে প্রশাসন প্রতিবন্ধী ব্যক্তিদের আরো ভালোভাবে সহায়তা করার জন্য নতুন পদ্ধতি প্রণয়ন করতে ইচ্ছুক।"

যেসব যোগ্য সরবরাহকারী তহবিলের জন্য আবেদন করবে তাদেরকে আরো স্বনির্ভর আবাসনের অপশন সম্পর্কে প্রচারণা চালাতে এবং লোকজনের পছন্দসই আরো সমন্বিত সেটিংসে রূপান্তরের বাধাগুলো মোকাবেলা করতে বলা হবে। অর্থায়নের সময়ের পরে, বরাদ্দপ্রাপ্তরা বিদ্যমান তহবিল এবং পরিষেবা মডেলের মাধ্যমে সমন্বিত সমর্থন এবং পরিষেবা সরবরাহ করা অব্যাহত রাখতে সক্ষম হবে।

আরো তথ্যের জন্য, দেখুন https://opwdd.ny.gov/2022-ish-application-materials।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418